দৈনিক
আমাদের সময়

তারিখ: 27 APR 2016
পৃষ্ঠা: 2 কলাম: 6

# প্রধানমন্ত্রীর বই বিতরণের ছবিসহ স্লোগান পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করার সুপারিশ

নিজস্ব প্রতিবেদক ●
২০১৭ শিক্ষাবর্ষ থেকে প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের সব পাঠ্যপুস্তকের কভার পৃষ্ঠায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বই বিতরণের ছবিসহ 'স্লোগান 'মানসম্মত শিক্ষা, জাতির প্রতিজ্ঞা' অন্তর্ভুক্ত করার সুপারিশ করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। জাতীয় সংসদ ভবনে গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত সংসদীয় কমিটির বৈঠকে এ সুপারিশ করা হয়।

বৈঠকে পুরাতন সরকারি প্রাথমিক বিদ্যালয় ও নতুন জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার মানে সমতা সৃষ্টি এবং শিক্ষক সমন্বয়ের উদ্দেশ্যে জনস্বার্থে শিক্ষকদের আন্তঃবদলির কার্যক্রম গতিশীল করার সুপারিশ করা হয়। এছাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে পদোন্নতি ও নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার তাগিদ দেওয়া হয়।